

			<p>প্রতিদিনের পাঠের শুরুতে বর্ণিত নীতি বাক্যটি নিয়ে ৩/৪ মিনিট শিক্ষার্থীদের সাথে আলোচনা করবেন। প্রয়োজনে সারা বছরের জন্য একটি নীতি বাক্যের ক্যালেন্ডার তৈরি করে নেয়া যেতে পারে যাতে পাতা উল্টিয়ে কাজটি করা যেতে পারে।</p> <p>মাসের শেষ বৃহস্পতিবার শিক্ষকগণ শিক্ষার্থীদের উদ্দেশ্যে নৈতিক শিক্ষামূলক গল্প বলবেন। মাঝে মাঝে শিক্ষার্থীদের মাঝে নৈতিকতা বিষয়ে কুইজ প্রতিযোগিতার আয়োজন করবেন। প্রতিটি শ্রেণিকক্ষে একটি 'আমার স্বপ্ন আমার কাজ' নামক বোর্ড স্থাপন করবেন। শিক্ষক যেখানে শিক্ষার্থীরা তাদের একটি ভাল ইচ্ছা বা ভালো কাজের কথা লিখে টাঙিয়ে দেবে। শিক্ষকগণ এ কাজে শিক্ষার্থীদের প্রতিনিয়ত উৎসাহিত করবেন। শিক্ষার্থীদের প্রতিদিন একটি ভালো কাজ করতে পরামর্শ দিবেন। কোনো শিক্ষার্থী কোনো ভালো কাজ করলে শিক্ষক সেটা টাঙিয়ে দিবেন।</p>
৩	আকিল হোসেন, সহকারী শিক্ষক, রহমতগঞ্জ সপ্রাবি, লালবাগ, ঢাকা। মোবাইল নং: ০১৯১১৭৪৪৩২২	অনলাইন পাঠটিকা	<p>ম্যানুয়াল পদ্ধতিতে প্রতিটি ক্লাসের সকল শিক্ষককে সংশ্লিষ্ট বিষয়ের পাঠটিকা হাতে লিখতে হয়, শিক্ষকগণকে বিরতিহীনভাবে একাধিক ক্লাস নিতে হয়। ফলে প্রতিটি ক্লাসের পাঠটিকা তৈরি করা সম্ভব হয়না বা তৈরি করতে অনেকেরই অগ্রহ থাকেনা। আবার, একজন শিক্ষকের ভালমানের পাঠটিকা অপরজন বিভিন্ন কারণে শেয়ার করতে পারেনা। প্রস্তাবিত আইডিয়াটি বাস্তবায়িত হলে-</p> <ul style="list-style-type: none"> - সকল শিক্ষক Mobile App/Online Software (www.pathtika .com) এর মাধ্যমে যে কোন পাঠটিকা তৈরি করতে পারবে। - যে কোন সময় (বিদ্যালয় সময়/অন্য যে কোন সময়) এ Mobile App/Online Software (www.pathtika .com) এর মাধ্যমে পাঠটিকা তৈরি করতে পারবে। - একবার তৈরি হলে Offline (Internet লাগবেনা) এ অনলাইন পাঠটিকা ব্যবহার ও তৈরি করতে পারবে। - ভালমানের পাঠটিকা একজন অপরজনের সাথে Share করতে পারবে। - Mobile App/Online Software ভিত্তিক হওয়ায় পাঠটিকা তৈরিতে অগ্রহ বাড়বে। <p>শিক্ষক কর্তৃক প্রণীত সঠিক এবং যথোপযুক্ত পাঠটিকা উর্ধ্বতন কর্তৃপক্ষ যে কোন সময় পর্যবেক্ষণ করতে পারবে। বাংলাদেশে প্রায় সকল শিক্ষক এ সুবিধা গ্রহণ করতে পারবেন। উদ্ভাবনী উদ্যোগটি যথাযথভাবে বাস্তবায়ন হলে ধীরে ধীরে পাঠটিকার একটি Database তৈরি হবে।</p> <p>একটি পরিপূর্ণ এবং একই বিষয়ে অধিক সংখ্যক পাঠটিকা তৈরি হলে পরবর্তীতে প্রতিটি বিষয়ে নতুন করে পাঠটিকা করতে হবেনা। এতে পাঠটিকা তৈরি করা নিয়ে শিক্ষক চাপ মুক্ত থাকবেন এবং পরবর্তীতে তাঁর নতুন নতুন পাঠটিকা প্রণয়নে সৃজনশীলতা বৃদ্ধি পাবে।</p> <ul style="list-style-type: none"> - ধীরে ধীরে এ উদ্ভাবনীটি সমন্বয়যোগী Upgrade করে আরো অধিক কার্যকরী এবং টেকসই করা যাবে।

